



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
ঋণ আদায় বিভাগ।

পরিবেশ বান্ধব ব্যাংকিং করসন

ফোনঃ ০২-৯৫৬৩১৬৫

Email: dgmrecovery@Krishibank.org.bd

প্রকা/আদায়-৮(৫৯)/২০১৭-২০১৮/ ০১(১২০০)

তারিখঃ ০২-০৭-২০১৭ খ্রিঃ

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ জুলাই-আগস্ট, ২০১৭ মাসে মাঠ পর্যায়ে করণীয় কতিপয় গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পাদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

ঋণ আদায় বিভাগ হতে ১৪-০৬-২০১৭ খ্রিঃ তারিখে জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং-০৩/২০১৭ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত পরিপত্রের মাধ্যমে স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহকে ২০১৭-২০১৮ অর্থ বছরের ঋণ আদায়, পুনঃতফসিলিকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা বন্টন করে দেয়া হয়েছে। পরিপত্রে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উক্ত খাতসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের জন্য অর্থ বছরের শুরু হতেই সকল প্রকার প্রস্তুতি সম্পন্ন করতে হবে। সে লক্ষ্যে নিম্নলিখিত কার্যাবলী বর্ণিত তারিখের মধ্যে সম্পাদন নিশ্চিত করার জন্য মাঠ কার্যালয়সমূহকে অনুরোধ করা হলোঃ

(ক) লক্ষ্যমাত্রা বন্টনঃ ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং-০৩/২০১৭ এ সংযুক্ত 'পরিশিষ্ট-০১' অনুযায়ী ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য নির্ধারিত ঋণ আদায়, পুনঃতফসিলিকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের ৩০-০৬-২০১৭ খ্রিঃ তারিখ ভিত্তিক সম্ভাব্য শ্রেণীকৃত ঋণ(CL), শ্রেণীযোগ্য ঋণ-১(WCL-1) ও শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2), পুনঃতফসিলিকৃত ঋণ, অবলোপনকৃত ঋণ ও ৫২-স্থগিত সুদ স্থিতির বিপরীতে আনুপাতিক হারে ১৩-০৭-২০১৭ তারিখের মধ্যে বন্টন করে দিবেন। স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপকগণ নির্ধারিত লক্ষ্যমাত্রা স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখায় কর্মরত মাঠকর্মীদের মধ্যে ২০-০৭-২০১৭ তারিখের মধ্যে বন্টন করে তা অর্জনের নিমিত্তে নিবিড় তদারকী অব্যাহত রাখবেন;

(খ) ঋণ শ্রেণীবিন্ধ্যাস কার্যক্রম সম্পাদন পরবর্তী শ্রেণীযোগ্য ঋণের প্রত্যায়িত বিবরণী প্রেরণ :

ঋণ শ্রেণীবিন্ধ্যাস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা এর ১৯-০৬-২০১৭ খ্রিঃ তারিখের পত্র নং-প্রকা/সিএল-৩/২০১৬-২০১৭/১২১৪ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক এলপিও/কর্পোরেট শাখা/শাখা কর্তৃক ৩০-০৬-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক ঋণ শ্রেণীবিন্ধ্যাসের কাজ নির্ধারিত তারিখের মধ্যে নির্ভুলভাবে সম্পাদনোত্তর স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখাসমূহ ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং-০৩/২০১৭ এ সংযুক্ত 'পরিশিষ্ট-২' অনুযায়ী শ্রেণীকৃত ঋণ (CL) (ঋণ শ্রেণীবিন্ধ্যাস বিভাগে প্রেরিত বিবরণীর সাথে হুবহু মিল থাকতে হবে), শ্রেণীযোগ্য ঋণ-১(WCL-1) এবং শ্রেণীযোগ্য ঋণ-২(WCL-2), অশ্রেণীকৃত ঋণ, সর্বমোট আদায়ী ঋণ স্থিতি, পুনঃতফসিলিকৃত ঋণ স্থিতি, অবলোপনকৃত ঋণ স্থিতি, ৫২-স্থগিত সুদ স্থিতির বিবরণী ২০-০৭-২০১৭ তারিখের মধ্যে প্রস্তুত পূর্বক সংরক্ষণ করতে হবে। এলপিও/কর্পোরেট শাখা/শাখা কর্তৃক প্রস্তুতকৃত বিবরণী যথাক্রমে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক যাচাই এবং যৌথভাবে স্বাক্ষর প্রদানপূর্বক এতদসঙ্গে সংযুক্ত ছক(সংযুক্তি-০১) এ সংশ্লিষ্ট প্রতিবেদন ১৭-০৮-২০১৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো। বিবরণী প্রস্তুত, যাচাই এবং প্রেরণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কার্যালয় সংক্রান্ত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো :

ক্রঃনং	বিবরণী প্রস্তুতকারী কার্যালয়	বিবরণী যাচাইকারী কার্যালয়	প্রতিবেদন স্বাক্ষরকারী কর্তৃপক্ষ	বিবরণী প্রেরণকারী কার্যালয়
০১	এলপিও কর্তৃক প্রস্তুতকৃত বিবরণী	প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা	উপ-মহাব্যবস্থাপক(পরিচালন), এলপিও এবং উপমহাব্যবস্থাপক, প্রঃওনিঃবিভাগ-১	স্থানীয় মুখ্য কার্যালয়
০২	কর্পোরেট শাখা কর্তৃক প্রস্তুতকৃত বিবরণী	সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কার্যালয়	বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা এবং কর্পোরেট শাখা প্রধান	কর্পোরেট শাখা
০৩	শাখা কর্তৃক প্রস্তুতকৃত বিবরণী	সংশ্লিষ্ট আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়	মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা	মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়

(গ) ঋণের Status লিপিবদ্ধকরণঃ ঋণ শ্রেণীবিন্ধ্যাস কার্যক্রম সম্পন্ন হওয়ার পরে সকল ঋণ হিসাবসমূহের ৩০-০৬-২০১৭ খ্রিঃ তারিখ ভিত্তিক ঋণ স্থিতির বিপরীতে নির্ণীত Status সংশ্লিষ্ট ফলিওতে লিপিবদ্ধ করতে হবে;

(ঘ) ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুতকরণ :

(১) নিম্নবর্ণিতভাবে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য ৩০-০৬-২০১৭ তারিখ ভিত্তিক অনাদায়ি ঋণের শ্রেণীভিত্তিক ঋণ গ্রহীতাদের পৃথক পৃথক ৬(ছয়)টি তালিকা(সম্ভব হলে ভিন্ন ভিন্ন রং এর )২০ জুলাই/২০১৭ তারিখের মধ্যে প্রস্তুত করতে হবেঃ

ক) শ্রেণীকৃত ঋণ(CL) খ) শ্রেণীযোগ্য ঋণ-১(WCL-1) গ) শ্রেণীযোগ্য ঋণ-২(WCL-2) ঘ) অশ্রেণীকৃত ঋণ(UC) (শ্রেণীযোগ্য ঋণ ব্যতীত অবশিষ্ট অশ্রেণীকৃত ঋণ) ঙ) পুনঃতফসিলিকৃত ঋণ এবং চ) অবলোপনকৃত ঋণ;

(২) ঋণগ্রহীতাদের তালিকায় প্রতিটি ঋণ হিসাবের নিম্নবর্ণিত বিষয়ের পূর্ণাঙ্গ ও হালনাগাদ তথ্যাদিসহ প্রচলিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি অবশ্যই লিপিবদ্ধ করতে হবেঃ

ক্রঃনং	বিবরণ	ক্রঃনং	বিবরণ
১	ঋণ হিসাব নং	১৩	জামানতি সম্পত্তির শ্রেণী/প্রকৃতি ভিত্তিক পরিমাণ ও গৃহীত মূল্য
২	ঋণ খতিয়ান পৃষ্ঠা নং	১৪	দেয় কিস্তির সংখ্যা
৩	ঋণগ্রহীতা(গণের) নাম	১৫	দেয় তারিখ
৪	পিতা/স্বামীর নাম	১৬	মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ
৫	মাতার নাম	১৭	মোট অনাদায়ি স্থিতি
৬	জাতীয় পরিচয় পত্র নং	১৮	৩০ জুন পর্যন্ত মোট আদায়
৭	মোবাইল/ফোন নম্বর	১৯	সর্বশেষ আদায়ের তারিখ
৮	পূর্ণ স্থায়ী ঠিকানা	২০	তামাদিতে পরিণত হওয়ার তারিখ
৯	পূর্ণ বর্তমান ঠিকানা	২১	ভবিষ্যতে তামাদিতে বারিত হওয়ার তারিখ
১০	ঋণ বিতরণের/সর্বশেষ পুনঃতফসিলিকরণের তারিখ	২২	শ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে ৩০ জুন তারিখের স্ট্যাটাস
১১	ঋণ বিতরণ/পুনঃতফসিলিকরণের পরিমাণ	২৩	স্থগিত সুদ স্থিতির পরিমাণ
১২	ঋণ বিতরণের উদ্দেশ্য/খাত	২৪	অন্যান্য প্রয়োজ্য তথ্যাদি

(৩) ঋণ গ্রহীতাদের সকল প্রকারের তালিকা ইউনিয়ন ভিত্তিক ২(দুই) প্রস্থে প্রস্তুত করতে হবে। এক প্রস্থ মাঠকর্মীর নিকট এবং অপর প্রস্থ শাখায় সংরক্ষিত থাকবে;

(৪) ঋণ গ্রহীতাদের তালিকায় গ্রাম ও ইউনিয়ন ভিত্তিক ঋণ গ্রহীতার সংখ্যা এবং পরিমাণ উল্লেখপূর্বক যথাযথভাবে টপসীট তৈরী করতে হবে। তালিকায় লিপিবদ্ধ ঋণ হিসাবসমূহের মোট অনাদায়ি স্থিতি(শ্রেণীকৃত ঋণ+শ্রেণীযোগ্য ঋণ-১+শ্রেণীযোগ্য ঋণ-২ +অশ্রেণীকৃত ঋণ) ও ৫২-স্থগিত সুদ স্থিতির পরিমাণ অবশ্যই যথাক্রমে শাখার সাধারণ খতিয়ানের অনাদায়ি ঋণস্থিতি এবং ৫২-স্থগিত সুদ স্থিতির সমান হতে হবে;

(৫) পুনঃতফসিলিকৃত ঋণগ্রহীতাদের তালিকা নিম্নবর্ণিতভাবে প্রস্তুত করতে হবে (৩০-০৬-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক) :

(ক) শ্রেণীকৃত ঋণ(CL) খ) শ্রেণীযোগ্য ঋণ-১(WCL-1) গ) শ্রেণীযোগ্য ঋণ-২(WCL-2) ঘ) অশ্রেণীকৃত ঋণ(UC);

(৬) অবলোপনকৃত ঋণগ্রহীতাদের তালিকায় উল্লিখিত অবলোপনকৃত ঋণ স্থিতির সমষ্টি অবশ্যই শাখার সাধারণ খতিয়ানের ৬১১/১২১১ হিসাব খাতের স্থিতির সমান হতে হবে;

(৭) উপ-মহাব্যবস্থাপক(ঋণ ও অগ্রীম), এলপিও/কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা কর্তৃক ঋণগ্রহীতাদের তালিকা নির্ভুলভাবে প্রস্তুতের বিষয়টি নিশ্চিত করতে হবে। বর্ণিত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে কি না তা যাচাইয়ের লক্ষ্যে বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ কর্পোরেট শাখা/ শাখা পরিদর্শনকালে প্রস্তুতকৃত সকল তালিকার মোট ঋণ স্থিতির সাথে সাধারণ খতিয়ানে উল্লিখিত ঋণ স্থিতির সাথে মিল রয়েছে কিনা তা নিশ্চিত করবেন। এ ক্ষেত্রে কোন গরমিল পাওয়া গেলে তাৎক্ষণিক নির্দেশনার মাধ্যমে তা দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৮) পুনঃতফসিলিকৃত ঋণের তালিকা প্রস্তুত ও রেজিস্টার সংরক্ষণ স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক পুনঃতফসিলিকৃত ঋণের জন্য একটি রেজিস্টার সংরক্ষণ ও পরিপালন করতে হবে। রেজিস্টার মোতাবেক সংশ্লিষ্ট পুনঃতফসিলিকৃত ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুত করতে হবে। পুনঃতফসিলিকৃত ঋণের পরিশোধসূচি অনুযায়ী দেয় তারিখের মধ্যে আদায়যোগ্য কিস্তি আদায় নিশ্চিত করতে হবে, যাতে কোন অবস্থাতেই পুনঃতফসিলিকৃত ঋণ পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিণত হতে না পারে। পুনঃতফসিলিকৃত ঋণের বিপরীতে গৃহীত যাবতীয় কার্যক্রম, যথাঃ আদায়কৃত টাকা, নোটিশ ইস্যুকরণ, ব্যক্তিগত যোগাযোগ, সংগৃহীত ঋণের প্রাপ্তি স্বীকার/ঋণ পরিশোধের অঙ্গীকারপত্র রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে;

(৯) শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুতকরণ :

(১) স্থানীয় মুখ্য কার্যালয়, সকল কর্পোরেট শাখা এবং শাখাসমূহ শীর্ষ ১০০ এবং ১.০০ কোটি টাকা ও তদূর্ধ্ব স্থিতি সম্পন্ন শ্রেণীকৃত/খেলাপী ঋণ গ্রহীতাদের ০২(দুই)টি পৃথক পৃথক তালিকা প্রস্তুত কার্যক্রম ১৭ আগষ্ট, ২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

(২) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ শাখা হতে সংগৃহীত তালিকা হতে অঞ্চলাধীন শীর্ষ ১০০ খেলাপী ঋণগ্রহীতাদের তালিকা প্রস্তুত ও সংরক্ষণ করবে;

(৩) বিভাগীয় কার্যালয়সমূহ সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখা হতে সংগৃহীত তালিকা হতে অঞ্চলাধীন শীর্ষ ১০০ খেলাপী ঋণগ্রহীতাদের তালিকা প্রস্তুত ও সংরক্ষণ করবে;

(৪) পরবর্তীতে, উক্ত তালিকায় বর্ণিত খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ গ্রহীতা বাছাই করতঃ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাদের সাথে দ্বি-পাক্ষিক আলোচনা সভার আয়োজন করে খেলাপী ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণ, শ্রেণীকৃত ঋণ আদায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(ছ) ডিউ ডেট রেজিস্টার সংরক্ষণ : নির্ধারিত দেয় তারিখ অনুযায়ী প্রযোজ্য সকল ক্ষেত্রে ডিমান্ড নোটিশ জারী নিশ্চিতকরণের লক্ষ্যে ডিউ ডেট রেজিস্টার ৩১-০৭-২০১৭ তারিখের মধ্যে অবশ্যই হালনাগাদ করতে হবে;

(জ) নোটিশ জারীকরণঃ সকল জারীযোগ্য লিগ্যাল নোটিশ ৩১-০৮-২০১৭ তারিখের মধ্যে এবং ডিমান্ড নোটিশ নির্ধারিত দেয় তারিখের ১ মাস পূর্বে জারীর কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঝ) তামাদি রোধ এবং তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ সংক্রান্ত রেজিস্টার প্রস্তুতকরণ :

(১) ৩১-০৭-২০১৭ তারিখের মধ্যে ৩০-০৬-২০১৭ খ্রিঃ তারিখ ভিত্তিক অনিস্পন্ন তামাদি ঋণসমূহের জন্য প্রতিটি শাখায় একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। উক্ত রেজিস্টারে অন্তর্ভুক্ত তামাদি ঋণসমূহ আদায়/নিয়মিতকরণের জন্য মাঠকর্মী ভিত্তিক মাসিক লক্ষ্যমাত্রা বন্টন করে দিতে হবে;

(২) আগামী ডিসেম্বর, ২০১৭ এবং ৩০ জুন, ২০১৮ তারিখের মধ্যে ঋণের টাকা আদায় না হলে তামাদিতে বারিত হবে এমন ঋণ হিসাবসমূহ চিহ্নিতকরণপূর্বক ১০-০৮-২০১৭ তারিখের মধ্যে অপর একটি রেজিস্টার প্রতিটি শাখায় সংরক্ষণ করতে হবে। উক্ত রেজিস্টারে অন্তর্ভুক্ত ঋণসমূহ সম্ভাব্য তামাদি হওয়ার ন্যূনতম ২(দুই) মাস পূর্বেই সম্পূর্ণ আদায়/আংশিক আদায় ও এল,এফ-৪৬/এল,এফ-৪২ সংগ্রহ করে তামাদি রোধের লক্ষ্যে মাঠকর্মী ভিত্তিক মাসিক লক্ষ্যমাত্রা বন্টন করে দিতে হবে;

(গ) অর্থ ঋণ আদালত/সার্টিফিকেট আদালত/অন্যান্য আদালতে মামলা দায়ের এবং নিষ্পত্তিকরণ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণঃ সকল ধরনের মামলা সংক্রান্ত রেজিস্টার ৩১ জুলাই, ২০১৭ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে। পাশাপাশি, অনিস্পন্ন মোকদ্দমসমূহের আকার ও বছর ভিত্তিক তালিকা প্রস্তুত করে দীর্ঘদিনের পুরানো ও বড় বড় মামলাসমূহ অগ্রাধিকার ভিত্তিতে দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(ট) ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে মাঠকর্মীদের অর্জনের মাসিক অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত রেজিস্টার : খাত ও শ্রেণীভিত্তিক ঋণ আদায়, পুনঃতফসিলিকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তর, তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের অগ্রগতি মাসিক ভিত্তিতে মাঠকর্মীভিত্তিক অভিন্নভাবে মূল্যায়নের লক্ষ্যে প্রতিটি শাখায় প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। উক্ত রেজিস্টারে শাখার সকল মাঠকর্মীগণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে সাপ্তাহিক অর্জনের অগ্রগতি লিপিবদ্ধ করতে হবে। স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপকগণ প্রত্যেক মাঠকর্মীর বিপরীতে বন্টনকৃত বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের অগ্রগতি সাপ্তাহিক ভিত্তিতে পর্যালোচনাপূর্বক মূল্যায়ন করবেন এবং পরবর্তী করণীয় সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

০৩। উপর্যুক্ত অবস্থায়, জুলাই-আগস্ট, ২০১৭ মাসে মাঠ পর্যায়ে করণীয় গুরুত্বপূর্ণ কার্যাবলী নির্ধারিত তারিখের মধ্যে সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক উপরোক্ত কার্যাবলী যথাযথভাবে সম্পাদিত করা হচ্ছে কি না তা তদারকির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।

আপনার বিশেষ

(মোঃ হারিষ উল্লাহ)

মহাব্যবস্থাপক

তারিখ : ০২-০৭-২০১৭ খ্রিঃ

প্রকা/আদায়-৮(৫৪)/২০১৭-২০১৮/ ০১(১২০০)

ই-মেইলযোগে

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সচিব, পর্যদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা/স্টাফ কলেজ, মিরপুর ঢাকা। অত্র পত্রটি ব্যাংকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি(সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।

০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। নথি/মহানথি।

(ডঃ মোঃ নূর সাঈদ)

০২/০৭/২০১৭

সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে)

বিষয়ঃ ৩০-০৬-২০১৭ তারিখ ভিত্তিক শ্রেণীকৃত ঋণ (CL), শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1), শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2), পুনঃতহবিসিদ্ধিকৃত ঋণ, অবশিষ্ট অশ্রেণীকৃত ঋণ ও সর্বমোট অনাদায়ী ঋণ, অবলোপনকৃত ঋণ ও ৫২-স্থগিত সুদ স্থিতির সর্বমোট অনাদায়ী ঋণ স্থিতির বিবরণী।

(লাক্ষ টাকায়)

শস্য	মাস্য চাষ	গবাদি পশু পালন	কৃষি সম্পর্কিত চলমান	অন্যান্য কৃষি খাত	মোট কৃষি ঋণ	এসএমই	কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প বৈদেশিক বানিজ্য ঋণ		সর্বমোট SS ও DF
							সংখ্যা	পরিমাণ	
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

শস্য	মাস্য চাষ	গবাদি পশু পালন	কৃষি সম্পর্কিত চলমান	অন্যান্য কৃষি খাত	মোট কৃষি ঋণ	এসএমই	কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প বৈদেশিক বানিজ্য ঋণ		সর্বমোট BL
							সংখ্যা	পরিমাণ	
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

শস্য	মাস্য চাষ	গবাদি পশু পালন	কৃষি সম্পর্কিত চলমান	অন্যান্য কৃষি খাত	মোট কৃষি ঋণ	এসএমই	কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প বৈদেশিক বানিজ্য ঋণ		সর্বমোট CL
							সংখ্যা	পরিমাণ	
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

শস্য	মাস্য চাষ	গবাদি পশু পালন	কৃষি সম্পর্কিত চলমান	অন্যান্য কৃষি খাত	মোট কৃষি ঋণ	এসএমই	কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প বৈদেশিক বানিজ্য ঋণ		সর্বমোট WCL-1
							সংখ্যা	পরিমাণ	
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

শস্য	মাস্য চাষ	গবাদি পশু পালন	কৃষি সম্পর্কিত চলমান	অন্যান্য কৃষি খাত	মোট কৃষি ঋণ	এসএমই	কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প বৈদেশিক বানিজ্য ঋণ		সর্বমোট WCL-2
							সংখ্যা	পরিমাণ	
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

ছক-৩ঃ অবশিষ্ট অশ্রেণীকৃত ঋণ (পুনঃতফসিলিকৃত ঋণসহ সকল ইউসি)(CL/WCL-1/WCL-2 ব্যতীত)

শস্য	মস্য চাষ	গবাদি পশু পালন	কৃষি সম্পর্কিত চলমান অন্যান্য কৃষি খাত	শ্রোট কৃষি ঋণ	এসএমই	কৃষিভিত্তিক শিক্ষা/প্রকল্প বৈদেশিক বানিজ্য ঋণ	সর্বমোট পুনঃ তফসিলিকৃত ঋণ
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮

ছক-৪ঃ সর্বমোট অনাদায়ী ঋণ(ছক-গ+ঘ+ঙ+চ)

শস্য	মস্য চাষ	গবাদি পশু পালন	কৃষি সম্পর্কিত চলমান অন্যান্য কৃষি খাত	শ্রোট কৃষি ঋণ	এসএমই	কৃষিভিত্তিক শিক্ষা/প্রকল্প বৈদেশিক বানিজ্য ঋণ	সর্বমোট অনাদায়ী ঋণ
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮

ছক-৫ঃ পুনঃতফসিলিকৃত ঋণ

বিবরণ	শস্য	মস্য চাষ	গবাদি পশু পালন	কৃষি সম্পর্কিত চলমান অন্যান্য কৃষি খাত	শ্রোট কৃষি ঋণ	এসএমই	কৃষিভিত্তিক শিক্ষা/প্রকল্প বৈদেশিক বানিজ্য ঋণ	সর্বমোট অশ্রেণীকৃত ঋণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
CL								
WCL-1								
WCL-2								
অবশিষ্ট UC								
মোটঃ								

ছক-৬ঃ অনাদায়ী অবলোপনকৃত ঋণ(সাধারণ খতিয়ানের ১২২১/৬১১ এর স্থিতির সমান হতে হবে)

মামলাকৃত	মামলাবিহীন	মোট		
ঋণ হিসাব সংখ্যা	পরিমাণ	ঋণ হিসাব সংখ্যা	পরিমাণ	পরিমাণ

বিশেষ দ্রষ্টব্যঃ উপরোক্ত ক হতে এ পর্যন্ত ছকের পরিমাণ ও সংখ্যা ৩০-০৬-২০১৬ সূত্র তারিখ ভিত্তিক সাধারণ খতিয়ান, বৈষয়িক বিবরণী, অবস্থার প্রতিবেদন এবং ঋণ শ্রেণীবিন্যাস প্রতিবেদনের সাথে ছবছ মিল থাকতে হবে।

প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষর  
(নামের সীলসহ)

উপ-মহাব্যবস্থাপক, প্রঃ ও নিঃ বি-১/এলপিও বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা  
(নামের সীলসহ)

উপ-মহাব্যবস্থাপক, এলপিও/মুখ্য আঃ/আঞ্চলিক কার্যালয়/শাখা প্রধান  
(নামের সীলসহ)

বিভাগঃ মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহের আওতাধীন শাখাসমূহের যাত্রাকৃত বিবরণী একত্রীভূত করে প্রতিটি মুখ্য অঞ্চল/অঞ্চলের জন্য একটি বিবরণী প্রস্তুতপূর্বক বিবরণী ছক-ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ ও জ প্রেরণ করতে হবে।